দৈনিক জনকণ্ঠ

তারিখ ... MAR. 6 . 1999 ...
পৃষ্ঠা ৮ কলাম ৪ ......

# ঝিমিয়ে পড়া বইমেলা আবার চাঙ্গা ॥ মুনতাসীর মামুনের ব্যতিক্রমী সুবৃহৎ গ্রন্থও বাজারে এলো

হাসান হাফিজ

ঝিমিয়ে পড়া বইমেলা আবার চাঙ্গা হয়ে উঠেছে। গতকাল শুক্রবার বাংলা একাডেমীতে একুশের বইমেলায় ভাল জনসমাগম ঘটে। বই বিক্রিও বেড়েছে পূর্ববর্তী কয়েকদিনের তুলনায়। সপ্তাহান্তিক ছুটির দিন আজ শনিবারও মেলায় ক্রেতা-দর্শকের সংখ্যা বাড়বে বলে প্রকাশক-বিক্রেতারা আশাবাদী।

একুশের বইমেলা শেষ হয়ে যাবার কথা ছিল একুশের চেতনামণ্ডিত মাস ফেব্রুয়ারির শেষ দিন— ২৮ তারিখে। সমাপনী দিনের বিকালে আকস্মিকভাবে একাডেমী কর্তৃপক্ষ নাটকীয়ভাবে মেলার মেয়াদ ১০ দিন বাড়ানোর সিদ্ধান্ত নেয়। প্রকাশকদের পাশ কাটিয়ে এ সিদ্ধান্ত নেয়া হয়েছিল। বর্ধিত সময়ে মেলা প্রায় ক্রেতাশূন্য হয়ে পড়ে। নিত্য জমজমাট বইমেলা ভাঙ্গা হাটের পরিণতি পায়। নতুন বই প্রকাশের ধারাও অনেকটা স্তিমিত হয়ে পড়ে মেলার বর্ধিত মেয়াদের সময়। নিস্তরঙ্গ মেলা জমজমাট করে তোলার লক্ষ্যে একাডেমী রোজ সন্ধ্যায় বটমূলে গানের আসরের আয়োজন করে। কিন্তু এতেও বিশেষ ফলোদয় হয়নি। অর্থাৎ বইমেলায় ক্রেতা-দর্শকের সংখ্যা বাড়েনি। যদিও সঙ্গীতানুষ্ঠানে শ্রোতা-দর্শকের ঘাটতি দেখা যাচ্ছে না

ব্যাখ্যা-বিশ্লেষণ সমৃদ্ধ বইটি সাধারণ পাঠকসহ ছাত্র-গবেষকদের জন্যে গুরুত্বপূর্ণ। সুবৃহৎ এ গ্রন্থের অধ্যায়গুলো হচ্ছে ঃ জেনারেল এরশাদের আমল, তত্ত্বাবধায়ক সরকারের আমল, বেগম খালেদা জিয়ার আমল, তত্ত্বাবধায়ক সরকারের আমল, শেখ হাসিনার আমল। বইটির মূল্য ৫শ' টাকা। প্রচ্ছদ এঁকেছেন প্রখ্যাত শিল্পী কাইয়ুম চৌধুরী।

## শেখ হাসিনার বইয়ের দ্বিতীয় মুদ্রণ

প্রধানমন্ত্রী শেখ হাসিনার লেখা বই 'বৃহৎ জনগোষ্ঠীর জন্যে উন্নয়ন'-এর দ্বিতীয় মুদ্রণ প্রকাশিত হয়েছে গতকাল শুক্রবার। বইটি বের করেছে সময় প্রকাশন।

জননন্দিত কথাশিল্পী হুমায়ূন আহমেদের উপন্যাস 'রূপার পালঙ্ক'র (অন্যপ্রকাশ) ৮ম মুদ্রণ আজ শনিবার বেরুচ্ছে। হুমায়ূনের আরেকটি উপন্যাস 'এই মেঘ রৌদ্রছায়া'র (সময়) ৪র্থ মুদ্রণ প্রায় নিঃশেষ। মুহম্মদ জাফর ইকবালের বিজ্ঞান কল্পকাহিনী 'মেতসিস' (সময়)-এর ৪র্থ মুদ্রণ চলছে। দ্বিতীয় মুদ্রণ বেরিয়েছে আনিসুল হকের উপন্যাস 'ফাল্গুনের রাতের আঁধারে' ও প্রণব ভট্টের উপন্যাস 'অভিমানী'র। দু'টিই বের করেছে অন্যপ্রকাশ।

এশিয়া পাবলিকেশন্সের স্বত্বাধিকারী ইসমাইল হোসেন বকুল জানান, জনপ্রিয় কথাশিল্পী ইমদাদুল হক মিলনের উপন্যাস 'কোকিল ডেকেছিল', 'ছবির মতো মেয়ে', 'বনপাহাড়ের নায়িকা'র দ্বিতীয় মুদ্রণ চলছে। তাঁর অপর একটি উপন্যাস

(২- পৃষ্ঠা ৩-এর কঃ দেখুন)

## ঝিমিয়ে পড়া বইমেলা

(৮-এর পাতার পর)

'একান্ত' (অন্যপ্রকাশ)-এর তৃতীয় মুদ্রণ বেরিয়েছে।

## আগরতলা মেলায় বাংলাদেশ

ভারতের ত্রিপুরা রাজ্যের রাজধানী আগরতলায়ও এখন বাংলা বইয়ের মেলা চলছে। বাংলাদেশ সৃজনশীল প্রকাশক পরিষদের উদ্যোগে বাংলাদেশী বই সেখানে প্রদর্শন ও বিক্রি করা হচ্ছে।

পরিষদের সাধারণ সম্পাদক মজিবর রহমান খোকা (বিদ্যাপ্রকাশ) এখন আগরতলায় রয়েছেন। আরও দু'জন প্রকাশক মেসবাহউদ্দিন আহমদ (আহমদ পাবলিশিং হাউস) ও মাজহারুল ইসলাম (অন্যপ্রকাশ) শুক্রবার আগরতলা গেছেন। সেখানকার বইমেলা শুরু হয়েছিল গত ২৭ ফেব্রুয়ারি। শেষ হচ্ছে আগামীকাল ৭ মার্চ।